

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.lged.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৫০২.১৪.০৭৮.১৯. ৬৭

তারিখ : ২৫/০২/২১ ইং।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী

এলজিইডি

জেলা- -----(সকল)।

বিষয়ঃ ক্ষুদ্রাকার পানি সম্পদ উপ-প্রকল্পের অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম বৃদ্ধিকল্পে পাবসসকে মনিটরিং করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উপ-প্রকল্পসমূহের অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। পাবসস এর গঠন, কার্যক্রম, দক্ষতা বৃদ্ধি এবং উপ-প্রকল্পসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম ও দায়িত্বাবলী "পানি সম্পদ অবকাঠামো পরিচালন ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকা", ২০১৩ তে সুস্পষ্টভাবে উল্লেখ আছে। বিগত ৩১/০৮/২০২০ইং ও ০৩/১২/২০২০ইং তারিখে অনুষ্ঠিত ভারূয়াল সভা এবং বিভাগ পর্যায়ে সাম্প্রতিক পর্যালোচনা সভায়ও এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে কিন্তু এতদসত্ত্বেও তার জেলায় উপ-প্রকল্প সমূহের পাবসস এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি কল্পে ত্রৈমাসিক ও উপজেলায় মাসিক সভা করা, পাবসস নির্বাচন সম্পন্ন করা, শেয়ার ও সঞ্চয় বৃদ্ধি, ঋন ও আয়বর্ধক কার্যক্রম সম্প্রসারণ, অডিট কার্যক্রম হালনাগাদ, উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি, সর্বোপরি উপ-প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না, ফলশ্রুতিতে IWRM -MIS সফটওয়্যার-এ উপ-প্রকল্পের তথ্যাবলী হালনাগাদ করা অসম্পূর্ণ থেকে যাচ্ছে, যা অনভিপ্রেত। এমতাবস্থায়, পাবসস তথা উপ-প্রকল্প সমূহের কার্যক্ষমতা বৃদ্ধি করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

১। জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য মাসিক সমন্বয় সভায় উপ-প্রকল্প সমূহের (রাজস্ব তহবিল দ্বারা সেচ ও নিকাশ এর আওতায় এবং চলমান প্রকল্পে গৃহীত) অগ্রগতি পর্যালোচনা করতে হবে। এছাড়া জেলার সকল পাবসস এর সভাপতি ও সেক্রেটারীকে নিয়ে জেলা পর্যায়ে ত্রৈমাসিক সভা করতে হবে। সভার কার্যবিবরণী সদর দপ্তরসহ সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২। সমিতির প্রাতিষ্ঠানিক কার্যক্রম সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে পাবসসের সভাপতি ও সেক্রেটারী, উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরের (সমবায়, কৃষি, মৎস্য, মহিলা বিষয়ক ইত্যাদি) কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিটি উপজেলায় মাসের নির্দিষ্ট সময়ে কমপক্ষে একবার সভা করতে হবে। তাছাড়া পাবসস এর কার্যক্রম উপজেলা পর্যায়ে তদারকির জন্য কমিউনিটি অর্গানাইজার, জেলা পর্যায়ে সোসিওলজিষ্ট (প্রকল্পে নিয়োজিত) অথবা তার অবর্তমানে জেলার সহকারী প্রকৌশলীকে অন্তর্ভুক্ত করতে হবে।

৩। জেলা পর্যায়ে ত্রৈমাসিক ভিত্তিতে উপ-প্রকল্প সমূহের (অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক) তথ্যাবলী IWRM -MIS সফটওয়্যার-এ হালনাগাদ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাবলী প্রতিপালনসহ তার জেলায় হস্তান্তরিত উপ-প্রকল্প সমূহের মধ্য হতে কমপক্ষে ০১(এক)টি সরেজমিনে পরিদর্শন করতঃ অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক তথ্যাবলী সংযুক্ত ছক-এ মাসিক ভিত্তিতে "তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা" বরাবর প্রেরণের জন্য বলা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।


২৫.০২.২০২১

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ৫৮১৫২৮০২


ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৫০২.১৪.০৭৮.১৯. ৬৭ (৫)

তারিখ : ২৫/০২/২১ ইং।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----বিভাগ, এলজিইডি, -----।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ----- অঞ্চল, -----।
- ৪। প্রকল্প পরিচালক, SSWRDP-2(JICA)/SSWRDP, সংশ্লিষ্ট প্রকল্পের সোসিওলজিষ্ট/ফ্যাসিলিটের কে পত্রে উল্লিখিত হস্তান্তরিত উপ-প্রকল্প সমূহের যাবতীয় তথ্যাদি সংগ্রহ করতঃ MIS ডাটাবেইসে হালনাগাদ করা ও উপ-প্রকল্প সমূহকে কার্যকর করণার্থে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা (সকল), জেলা (সকল)।


(স, ম, আব্দুস সালাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ও এন্ড এম)
ফোনঃ ৫৫০০৬৭৪৯
ই-মেইলঃ se.iwrm.onm@lged.gov.bd

